

খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়  
খাতড়া, বাঁকুড়া ।

তারিখ : ৩০-০৬-২০১৬

■ রিভিউ ( REVIEW ) সংক্রান্ত বিজ্ঞপ্তি ■

এতদ্বারা বি.এ. পাঠ - ৩ অনার্স ২০১৬ (১+১+১) পরীক্ষার্থীদের  
রিভিউ ( REVIEW FORM FILLUP) নিম্নলিখিত তারিখগুলিতে হবে :

WITHOUT LATE FINE : ১৮-০৭-২০১৬, ১৯-০৭-২০১৬, ২০-০৭-২০১৬

WITH LATE FINE : ২৩-০৭-২০১৬

Late Fine : ১০০.০০ টাকা

সময় : সকাল ১১.০০ টা থেকে দুপুর ১.৩০ টা

উপরিউক্ত রিভিউ তারিখগুলিতে দরখাস্তের কপি কলেজ কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে ।

রিভিউ করার জন্য সংযুক্ত নথিপত্রের তালিকা :

১. মূল মার্কশীট সহ জেরক্স ১কপি,
২. মূল অ্যাডমিট কার্ড,
৩. (ক) প্রতি পেপার ১৫০.০০ টাকা, + (খ) প্রসেসিং চার্জ : ১০.০০ টাকা ।

বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত পরীক্ষার্থীদের জন্য উত্তরপত্র পুনরীক্ষণ (Review) করার যোগ্যতা নির্ণায়ক  
সাধারণ নিয়মাবলী নিম্নে দেওয়া হলো :



Teacher-in-Charge  
Khatra Adibasi Mahavidyalaya  
P.O. : Khatra, Dist. Bankura

পরীক্ষার্থীদের জন্য উত্তরপত্র পুনরীক্ষণ (Review) করার যোগ্যতা নির্ণায়ক সাধারণ নিয়মাবলী

- (১) ব্যবহারিক (Practical) উত্তরপত্রের পুনরীক্ষণ (Review) করা যাবে না।
- (২) উত্তরপত্রের পুনরীক্ষণ মূল্যায়নের পর প্রদত্ত নম্বর (মূল্য নম্বরের কম বা বেশী) গ্রহণ বাধ্যতামূলক। পুনর্বিবেচনার জন্য কোনরূপ আবেদন গৃহীত হবে না।
- (৩) ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোনরূপ বিজ্ঞপ্তি ছাড়াই বাতিল বলে গণ্য হবে। Review fees ফেরতযোগ্য নয়।
- (৪) একই উত্তরপত্রের রিভিউ ও স্ক্রুটিনির জন্য আবেদন করা যাবে না।
- (৫) পার্ট-১, পার্ট-২, পার্ট-৩ এর পরীক্ষার্থীরা ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যেক নির্দিষ্ট পার্ট-এর পাঠক্রমের সর্বাধিক ২টি (দুটি) তত্ত্বীয় (Theoretical) উত্তরপত্রের জন্য আবেদন করতে পারবে।
- (৬) আবশ্যিকীয় (Compulsory) ভাষাপত্র ও পরিবেশ বিদ্যা (ENVS)-র উত্তরপত্রের (Answer Script) Review-এর জন্য আবেদন করা যাবে না।
- (৭) (ক) অনার্স কোর্সের পরীক্ষার্থীদের জন্য :  
পার্ট-১ এবং পার্ট-২ অথবা পার্ট-৩-এর ক্ষেত্রে একজন পরীক্ষার্থী প্রতি পার্টের জন্য সর্বাধিক ২টি (দুটি) উত্তরপত্রের (Answer Script) রিভিউ-এর জন্য আবেদন করতে পারবে, যেমন : দুটি অনার্স বিষয়ের দুটি উত্তরপত্র (Answer Script) অথবা একটি অনার্স উত্তরপত্র (Answer Script) ও একটি জেনারেল উত্তরপত্র (Answer Script) অথবা দুটি জেনারেল বিষয়ের উত্তরপত্র (Answer Script)। যে কোন প্রাপ্ত নম্বরের ভিত্তিতে উত্তরপত্রের (Answer Script) রিভিউ-এর জন্য আবেদন করা যাবে, কিন্তু রিভিউ-এর জন্য আবেদন করা হয়েছে সেই উত্তরপত্রগুলি (Answer Script) ছাড়া বাকি তত্ত্বীয় (Theoretical) উত্তরপত্রগুলিতে (Answer Script) সম্মিলিতভাবে কমপক্ষে ৩০ শতাংশ নম্বর থাকতে হবে।
- (খ) জেনারেল কোর্সের পরীক্ষার্থীদের জন্য :  
পার্ট-১, পার্ট-২, পার্ট-৩ এর ক্ষেত্রে একজন পরীক্ষার্থী প্রতি পার্টের জন্য সর্বাধিক ২টি (দুটি) উত্তরপত্রের (Answer Script) রিভিউ-এর জন্য আবেদন করতে পারবে। যে কোন প্রাপ্ত নম্বরের ভিত্তিতে উত্তরপত্রের (Answer Script) রিভিউ-এর জন্য আবেদন করা যাবে, কিন্তু রিভিউ এর জন্য আবেদন করা হয়েছে সেই উত্তরপত্রগুলি (Answer Script) ছাড়া বাকি তত্ত্বীয় (Theoretical) উত্তরপত্রগুলিতে (Answer Script) সম্মিলিতভাবে কমপক্ষে ৩০ শতাংশ নম্বর থাকতে হবে।